


# বেকারত্ব বিমার সুবিধাগুলি সংগ্রহের জন্য কাজের খোঁজ করার প্রয়োজনীয়তাসমূহ

## বেকারত্ব বিমার সুবিধাগুলির দাবি করতে প্রতি সপ্তাহে কাজের খোঁজ করুন

আপনার শ্রম বিভাগের দ্বারা অনুমোদিত কাজ খোঁজার পরিকল্পনা না থেকে থাকলে আপনার প্রতি সপ্তাহে অন্তত তিনটি কাজের খোঁজ করার কার্যকলাপ করা আবশ্যক।* এই তিনটি কার্যকলাপের প্রতিটি সপ্তাহের আলাদা আলাদা দিনে করা আবশ্যক।

তিনটি কাজ খোঁজার কার্যকলাপের মধ্যে নীচের কাজ খোঁজার কার্যকলাপগুলির অন্তত একটি অন্তর্ভুক্ত করা আবশ্যক:

1. স্থানীয় কেরিয়ার সেন্টারে প্রাপ্য চাকরির সংস্থান ব্যবহার করা, যেমন:
   - কেরিয়ার সেন্টারের পরামর্শদাতাদের সঙ্গে দেখা করা
   - বিশেষ শিল্প বা অঞ্চলে উপলব্ধ থাকতে পারে এমন কোনো চাকরি সম্পর্কে কেরিয়ার সেন্টারের কর্মীদের থেকে তথ্য নেওয়া (কাজের বাজারের তথ্য নেওয়া);
   - আপনার দক্ষতার মূল্যায়ন ও সেগুলির সঙ্গে মিল আছে এমন পেশা বা চাকরির জন্য কেরিয়ার সেন্টারের কর্মীর সঙ্গে কাজ করা (পেশা মেলানোর জন্য দক্ষতার মূল্যায়ন);
   - শিল্পের কর্মশালায় অংশগ্রহণ
   - কেরিয়ার সেন্টার থেকে চাকরির রেফারেল ও দক্ষতা অনুযায়ী চাকরির খবর পাওয়া এবং নিয়োগকর্তাদের সঙ্গে লেগে থাকা
2. চাকরির সাইট দেখা ও সশরীরে সেই নিয়োগকর্তাদের কাছে চাকরির দরখাস্ত পূরণ করা যাদের কাছে যুক্তিসঙ্গতভাবে কর্মখালি থাকা প্রত্যাশিত।
3. কোনও প্রকাশ্য বিজ্ঞপ্তি বা কর্মখালির বিজ্ঞাপনে সাড়া দিয়ে এমন নিয়োগকর্তাদের কাছে চাকরির দরখাস্ত ও/বা জীবনবৃত্তান্ত জমা দেওয়া যাদের কাছে যুক্তিসঙ্গতভাবে কর্মখালি থাকা প্রত্যাশিত।
4. এমন সব চাকরি খোঁজার সেমিনার, নির্ধারিত পেশাগত নেটওয়ার্কিং সভা, চাকরির মেলা বা কর্মশালায় অংশ নেওয়া যেখানে চাকরি পাওয়ার জন্য দক্ষতা বৃদ্ধি করার নির্দেশিকা পেশ করা হয়।
5. সম্ভাব্য নিয়োগকর্তাদের কাছে সাক্ষাৎকার দেওয়া।

আপনার প্রতি সপ্তাহে অন্য দুটি কার্যকলাপ করা আবশ্যক। এই দুটি উপরের বা নীচের তালিকার কার্যকলাপগুলির যে কোনও মিশেল হতে পারে:

1. আগেকার নিয়োগকর্তার(দের) কাছে চাকরির জন্য আবেদন করা।
2. বেসরকারি নিয়োগ সংস্থা, প্লেসমেন্ট পরিষেবা, ইউনিয়নসমূহ ও স্কুল, কলেজ বা বিশ্ববিদ্যালয় ও/বা পেশাদারী সংস্থার প্লেসমেন্ট দপ্তরে নথিভুক্ত হওয়া ও যাচাই করতে থাকা।
3. কাজ খুঁজতে, কোনও সূত্র পেতে, কাউকে রেফারেন্স বা চাকরির সাক্ষাৎকারের জন্য সাক্ষাৎ স্থির করতে টেলিফোন, বিজনেস ডিরেক্টরি, ইন্টারনেট বা অনলাইন কাজ খোঁজার ব্যবস্থা মারফৎ চাকরির খোঁজ করা।
4. সরকারি কর্মখালির জন্য সিভিল সার্ভিস পরীক্ষা(গুলি)র জন্য আবেদন করা ও/বা রেজিস্টার করা।

এটি ন্যূনতম মাপকাঠি। আপনাকে আরও বেশি কিছু করতে উৎসাহ দেওয়া হচ্ছে।

*আপনার শ্রম বিভাগের দ্বারা অনুমোদিত কাজ খোঁজার পরিকল্পনা থেকে থাকলে আপনার পরিকল্পনায় যা সম্মত হওয়া গিয়েছিল তা করা এবং কাজ খোঁজার রেকর্ডে সেইসব কার্যকলাপ রেকর্ড করা আবশ্যক। আপনার কাজ খোঁজার পরিকল্পনায় যা যা চাওয়া হয়েছে তা করা নিশ্চিত করতে আমরা আপনার কাজ খোঁজার রেকর্ড পরীক্ষা করবো।

## আপনার কাজ খোঁজার প্রয়াসের রেকর্ড রাখুন

আপনি যে যে সপ্তাহের জন্য বেকারত্ব বিমার সুবিধা দাবি করছেন সেগুলির জন্য অনলাইনে বা কাগজপত্রে আপনার একটি বিস্তারিত, লিখিত কাজ খোঁজার রেকর্ড সম্পূর্ণ করা আবশ্যক। অনুরোধ করা হলে আপনার শ্রম দপ্তরকেও একটি প্রতিলিপি দেওয়া আবশ্যক। এই রেকর্ডগুলিতে অবশ্যই তারিখ, যে সকল নিয়োগকর্তাদের যোগাযোগ করা হয়েছে তাদের নাম, ঠিকানা (ডাক, ই-মেল, বা ওয়েব অ্যাড্রেস) এবং টেলিফোন নম্বর; বিশেষ কোন ব্যক্তিকে যোগাযোগের ক্ষেত্রে নাম ও/বা চাকরির পদ; ব্যবহৃত যোগাযোগ পদ্ধতি; আবেদন করা চাকরির পদের নাম বা অন্যান্য কাজ খোঁজার প্রয়াসের (চাকরির মেলা বা কর্মশালা ইত্যাদিতে অংশগ্রহণ করা) বিবরণ থাকতে হবে। গুরুত্বপূর্ণ: আপনার তথ্য যাচাই করা হবে। আপনি আপনার কাজ খোঁজার কার্যকলাপে উদ্দেশ্যপ্রণোদিতভাবে মিথ্যা বিবৃতি দিলে তাকে জালিয়াতি বলে ধরা হবে এবং আপনার সুবিধাগুলি প্রত্যাখ্যান করা হতে পারে।

আমরা আপনাকে আপনার কাজ খোঁজার রেকর্ড JobZone (**www.jobzone.ny.gov**) ওয়েবসাইটে রাখার পরামর্শ দিচ্ছি। এটি আপনাকে এমন একটি স্থান প্রদান করে যেখানে আপনি নিরাপদ বৈদ্যুতিন ফাইলে আপনার তথ্য সুরক্ষিতভাবে আপডেট করতে পারবেন ও সংরক্ষণ করতে পারবেন: যা আগুন, চুরি, দুর্ঘটনাজনিত ক্ষতি হওয়া থেকে সুরক্ষিত। আপনার JobZone অ্যাকাউন্টে প্রবেশ করতে অনলাইনে সাপ্তাহিক সুবিধার দাবি করার সময় JobZone এর কাজ খোঁজার রেকর্ড এর লিঙ্কটিতে ক্লিক করুন। অ্যাকাউন্ট খোলা সম্পর্কে আপনার কোনও প্রশ্ন থাকলে অনুগ্রহ করে শ্রম বিভাগের যোগাযোগ কেন্দ্রে **800–833–3000** নম্বরে যোগাযোগ করুন।

JobZone ব্যবহার না করলে আমরা আপনাকে আমাদের কাগজে ছাপা কাজ খোঁজার রেকর্ড ফর্ম ব্যবহারের সুপারিশ করবো। আপনি আপনার স্থানীয় কেরিয়ার সেন্টারে, আমাদের ওয়েবসাইট **www.labor.ny.gov**-এ অথবা আপনার দাবিদারদের হ্যান্ডবুকে একটি প্রতিলিপি পেতে পারেন। প্রয়োজনীয় তথ্য থেকে থাকলে আপনি অনুরূপ একটি লিখিত রেকর্ড রাখতে পারেন।

আপনি আপনার কাজ খোঁজার রেকর্ড অনলাইনে রাখুন কিংবা লিখিতভাবে, তাতে সমর্থনকারী নথিপত্র রাখতে হবে। আপনাকে রেকর্ডগুলি একবছরের জন্য রাখতে হবে।

## শ্রম বিভাগের কেরিয়ার সেন্টারগুলি

আমাদের কেরিয়ার সেন্টারগুলি আপনাকে নিখরচায় বিভিন্ন পরিষেবা প্রদান করে। আমরা আপনাকে এগুলিতে সাহায্য করতে পারি:

- চাকরির রেফারেল
- প্রশিক্ষণের সুযোগ
- জীবনবৃত্তান্ত লেখা ও সাক্ষাৎকার দেওয়ার দক্ষতা
- কম্পিউটার, ইন্টারনেটে প্রবেশ, প্রিন্টার ও টেলিফোনের মতো সংস্থানসমূহ

আপনার নিকটস্থ কেরিয়ার সেন্টার খুঁজে পেতে **www.jobzone.ny.gov** বা **www.labor.ny.gov**-তে যান।

## অনলাইন সংস্থানসমূহ

আমাদের ওয়েবসাইট (**www.labor.ny.gov**) আপনাকে আপনার কাজ খোঁজায় মনোযোগ দিতে ও সেগুলি পরিচালনা করতে সাহায্য করতে পারে। Jobs Express (**www.labor.ny.gov/jobs/regional.shtm**) স্টেটের মধ্যেকার অঞ্চল ধরে উপলব্ধ চাকরিগুলি তালিকাভুক্ত করে ও তা প্রতি সপ্তাহে অনেকবার আপডেট করা হয়। **www.jobzone.ny.gov**-স্থিত আমাদের JobZone ওয়েবসাইট আপনাকে এমন বিভিন্ন পেশার খোঁজ করার, প্রশিক্ষণের তথ্য পাওয়ার ও আমাদের অনলাইন টুলবক্সের সুযোগ নেওয়ার সুযোগ করে দেয়, যা আপনাকে আপনার কভার লেটার লেখা থেকে কাজ খোঁজার রেকর্ড রাখা পর্যন্ত আপনার কাজ খোঁজার বিভিন্ন দিককে পরিচালনা করতে সাহায্য করবে।

JobZone এর মধ্যে আমাদের SMART (দক্ষতা মেলানো ও রেফারেল প্রযুক্তি) কার্যক্রমও থাকে, যা আপনার দক্ষতা ও অভিজ্ঞতাকে আমাদের চাকরির ব্যাঙ্কের সর্বশেষ কর্মখালির সঙ্গে মিলিয়ে দেখবে। মিলগুলি আপনাকে সরাসরি ইমেল করে দেওয়া হয়।

## চাকরির জন্য প্রস্তুত থাকুন

মনে রাখবেন: বেকারত্ব বিমার সুবিধাগুলি সংগ্রহ করতে আপনার কাজ করার ও সক্রিয়ভাবে কাজ খোঁজার জন্য প্রস্তুত, ইচ্ছুক ও সক্ষম থাকা আবশ্যক। আপনি দায়ের করলে আমাদেরকে জানান যে আপনার কাজ করার সক্ষমতাকে সীমায়িত করে এমন কোনও সমস্যা রয়েছে কিনা, যেমন, আপনি যদি:

- স্কুলে যেতে থাকেন
- সারারাতের জন্য শহরের বাইরে যান
- শিশু পরিচর্যা প্রাপ্ত করতে সক্ষম না হন
- পরিবহণ না থাকে
- অসুস্থতার জন্য কাজ করতে সক্ষম না হন

আরও তথ্যের জন্য অনুগ্রহ করে **www.labor.ny.gov/uihandbook**-এ আমাদের দাবিদারের হ্যান্ডবুক দেখে নিন।



নিউ ইয়র্ক স্টেট এর শ্রম বিভাগ হল একটি সমান সুযোগের নিয়োগকর্তা/কার্যক্রম। অনুরোধক্রমে প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য আনুষঙ্গিক সহায়তা ও পরিষেবা পাওয়া যায়।

NEW YORK STATE OF OPPORTUNITY. Department of Labor